# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত-এর কার্যালয়

## বগুড়া।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ১০.০৮.০০০০.০০১.২৩-২১১

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

জেলা ও দায়রা জজ আদালত, বগুড়া-এ নবসৃজিত চারটি অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে উল্লেখিত পদের বিপরীতে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল | শূন্যপদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>খ) সাঁটলিপি লিখনে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে গতি যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ এবং টাইপ লিখনে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে গতি যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকিতে হইবে। | ১০,২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৪টি |
| ০২. | বেঞ্চ সহকারী | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ এম.এস. অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। | ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৪টি |
| ০৩. | অফিস সহায়ক | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | ৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড-২০) | ০৪টি |

## শর্তাবলী

১। প্রার্থীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১ পাতার চাকরির আবেদন ফরম https://bogra.judiciary.gov.bd হইতে ডাউনলোড করিয়া অথবা অনুরূপ ফরম স্বহস্তে পূরণপূর্বক আবেদনপত্র মাননীয় জেলা ও দায়রা জজ, বগুড়া বরাবর আগামী ১৮/০৬/২০২৩ খ্রি. তারিখ ডাকযোগে অফিস চলাকালীন সময়ে অথবা অফিস চলাকালীন সময়ে অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বগুড়া এর সম্মুখে রক্ষিত নির্ধারিত বাক্সে জমা দেওয়া যাইবে। উক্ত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

২। প্রচলিত নিয়োগ বিধি/প্রচলিত মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য কোটা/নিয়োগ সংক্রান্ত সরকারের অপরাপর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হইবে।

৩। ১৮/০৬/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হইতে হইবে। তবে প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হন সেইক্ষেত্রে তাহাদের বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের আবেদনপত্রের সহিত মুক্তিযোদ্ধা/পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি (যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান পাওয়া না গেলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৯/০৫/২০১১ খ্রি. তারিখের জারীকৃত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাকে মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্ত করা হইবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হইবে না।

৪। আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে :
   (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
   (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
   (গ) প্রথম শ্রেণীর গেজেটড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
   (ঘ) স্থানীয় সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
   (ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
   (চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সহিত তাহাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হইতে হইবে, এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে এবং আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
   (ছ) প্রতিটি আবেদনের সহিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ৯.৫ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি পরিমাপের ০৩ (তিনটি) ফেরতখামে আবেদনকারীর যে ঠিকানায় পরীক্ষার প্রবেশপত্র পাইতে আগ্রহী উক্ত ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখিয়া সংযুক্ত করিতে হইবে। খামের উপর আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৫। বিভাগীয় চাকুরিজীবীদের বয়স শিথিলযোগ্য এবং চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৬। পরীক্ষার ফি বাবদ ছকে বর্ণিত ০১ ও ০২ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ০৩ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড-এর ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ নম্বর কোডে জমা প্রদান করতঃ চালানের মূলকপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। এক্ষেত্রে ট্রেজারী চালান ব্যতীত অন্য কিছু (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার) গ্রহণযোগ্য হইবে না।

৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হইবে।

৮। উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হইবে। -

৯। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি প্রদর্শন করিতে হইবে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১১। খামের উপর অবশ্যই পদের নাম, নিজ জেলা ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে।

১২। বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করিবার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। ছবি ও কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সীল থাকিতে হইবে। নামবিহীন পদবীযুক্ত স্বাক্ষর ব্যবহার করা হইলে সংশ্লিষ্ট আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৭.০৫.২০২৩ (খ্রি)

(মুহাম্মদ কামরুল হাসান খান)
অতিরিক্ত জেলা ও দায়রা জজ,
২য় আদালত, বগুড়া।
ও
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি,
বগুড়া।

DG-996/23 (8×3)